মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশ পর মাঠে কৃষি কর্মকর্তারা, কৃষকদের দিলেন পরামর্শ

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের মদনা ডাঙ্গা গ্রামের কলা ও করলা চাষিদের মাঠপর্যায়ে কৃষি কর্মকর্তাদের নিয়মিত খোঁজ না পাওয়ার অভিযোগ নিয়ে মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশের পর কৃষকদের পাশে দাঁড়িয়েছে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

মঙ্গলবার দুপুরে কৃষি বিভাগের কর্মকর্তারা সরেজমিনে মদনা ডাঙ্গা গ্রামের বিভিন্ন কলা ও করলা ক্ষেত পরিদর্শন করেন।

এ সময় তারা ফসলের বর্তমান অবস্থা পর্যবেক্ষণ করার পাশাপাশি রোগবালাইসহ চাষাবাদের বিভিন্ন সমস্যা সম্পর্কে কৃষকদের কাছ থেকে বিস্তারিত তথ্য নেন।

পরে কর্মকর্তারা কলা ও করলা চাষের আধুনিক পদ্ধতি, রোগবালাই দমন, সার ও কীটনাশকের সঠিক ব্যবহারসহ বিভিন্ন বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ দেন।

মাঠ পরিদর্শনে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কাজী শাহনেওয়াজ, অতিরিক্ত উপপরিচালক সঞ্জীব কুমার গোস্বামী, মেহেরপুর সদর উপজেলা কৃষি কর্মকর্তা ইমদাদুল হাসান ও উপ-সহকারী কৃষি কর্মকর্তা মাহমুদা পারভীন।

মেহেরপুর জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কাজী শাহনেওয়াজ বলেন, “কৃষকরা কলা ও করলা গাছে রোগবালাইসহ বিভিন্ন সমস্যার কথা জানিয়েছেন। এবার বৃষ্টির পরিমাণ বেশি ছিল। বর্তমানে রোদের তাপমাত্রাও বৃদ্ধি পেয়েছে। গাছ যখন বেশি রসালো থাকে, তখন কোনোভাবে আঘাতপ্রাপ্ত হলে সেখানে ভাইরাস বা জীবাণু প্রবেশ করতে পারে। এ কারণে রোদের তীব্রতা যত বাড়ে, গাছের পাতা তত লাল হয়ে যায়। যেহেতু এখানে এ ধরনের সমস্যা দেখা দিয়েছে, আমরা মাটি পরীক্ষা করব এবং পরীক্ষার ফলাফল অনুযায়ী কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হবে।”

কৃষি কর্মকর্তাদের সরেজমিনে জমি পরিদর্শন ও প্রয়োজনীয় দিকনির্দেশনা পেয়ে সন্তোষ প্রকাশ করেন স্থানীয় কলা ও করলা চাষিরা। তারা বলেন, মাঠপর্যায়ে কৃষি কর্মকর্তাদের নিয়মিত পরামর্শ ও সহযোগিতা পেলে রোগবালাই মোকাবিলা এবং আধুনিক পদ্ধতিতে চাষাবাদ করা সহজ হবে। এতে ফসলের উৎপাদনও বাড়বে বলে আশা করছেন চাষিরা।

মুজিবনগরে ইটভাঙা মেশিন উল্টে নির্মাণ শ্রমিক নিহত

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামে ইটভাঙা মেশিন উল্টে লিখন হোসেন (২৭) নামের এক নির্মাণ শ্রমিক নিহত হয়েছেন।

এ ঘটনায় আহত হয়েছেন আরও কয়েকজন শ্রমিক। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) সকালে দুর্ঘটনায় আহত হওয়ার পর দুপুরে কুষ্টিয়ার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় লিখনের মৃত্যু হয়।

নিহত লিখন হোসেন মুজিবনগর উপজেলার দারিয়াপুর খানপুর গ্রামের খোকন মিয়ার ছেলে।

স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে মুজিবনগর উপজেলা ইমারত নির্মাণ শ্রমিক সমিতির কার্যালয় থেকে একটি ইটভাঙা মেশিন নিয়ে কয়েকজন শ্রমিক আনন্দবাস গ্রামে যাচ্ছিলেন। বল্লভপুর গ্রামের সমিল এলাকায় পৌঁছালে মেশিনটির সামনের চাকার এক্সেল ভেঙে সেটি উল্টে যায়। এ সময় লিখন হোসেন মেশিনের নিচে চাপা পড়েন।

স্থানীয়রা আহত শ্রমিকদের উদ্ধার করে হাসপাতালে পাঠান। সেখানে সামান্য আহত কয়েকজন শ্রমিককে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। গুরুতর আহত লিখন হোসেনকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার জানান, দুর্ঘটনাস্থল পরিদর্শন করেছে পুলিশ। এ বিষয়ে

পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

২৪ ঘণ্টার মধ্যে ১১ নেতার পদত্যাগ

কার্যক্রম নিষিদ্ধ থাকা অবস্থায় মেহেরপুরের গাংনী উপজেলা যুবলীগের ৭১ সদস্যবিশিষ্ট নতুন কমিটি ঘোষণার ২৪ ঘণ্টা না পেরোতেই কমিটির ১১ নেতা পদত্যাগ করেছেন।

ব্যক্তিগত কারণ ও তাদেরকে না জানিয়ে কমিটি ঘোষণা করা হয়েছে এমন অভিযোগ তুলে গতকাল সোমবার রাতে যুবলীগের কেন্দ্রীয়

সভাপতি ও সাধারণ সম্পাদক বরাবর তারা পদত্যাগপত্র পাঠিয়েছেন। তবে এখন পর্যন্ত পৌর যুবলীগের কোন সদস্য পদত্যাগ করেনি বলে জানা গেছে।

পদত্যাগ পত্রের অনুলিপি জেলা যুবলীগের আহ্বায়ককেও দেওয়া হয়েছে। একই সঙ্গে পদত্যাগপত্রের কপি সাংবাদিকদের কাছেও সরবরাহ করা হয়েছে।

জানা গেছে, গত সোমবার দুপুরে কেন্দ্রীয় যুবলীগের সাবেক সদস্য ও সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের ছেলে অ্যাডভোকেট হুমায়ুন কবিরকে সভাপতি এবং গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনকে সাধারণ সম্পাদক করে ৭১ সদস্যবিশিষ্ট গাংনী উপজেলা যুবলীগের কমিটি ঘোষণা করা হয়।

অন্যদিকে, গাংনী পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি অ্যাডভোকেট মানিককে সভাপতি এবং সাবেক যুবলীগের দপ্তর সম্পাদক জুবায়ের হোসেন উজ্জ্বলকে সাধারণ সম্পাদক করে গাংনী পৌর যুবলীগের ৭১ সদস্যবিশিষ্ট কমিটিও ঘোষণা করা হয়েছে।

উপজেলা কমিটি ঘোষণার পরপরই পদত্যাগ করা নেতাদের মধ্যে রয়েছেন—সহ-সভাপতি আনোয়ার পাশা, মজিরুল ইসলাম, আবুল বাশার ও

আব্দুল আলীম; ত্রাণ সম্পাদক সুজন আলী; সমাজকল্যাণ সম্পাদক আশিকুর রহমান আকাশ; ক্রীড়া সম্পাদক সজিবুর রহমান; মাজহারুল ইসলাম; সদস্য আলমগীর হোসেন; সহ-সম্পাদক লিখনউদ্দিন। পদত্যাগকারীদের তালিকায় মোট ১২ জনের নাম রয়েছে। এদিকে, কার্যক্রম নিষিদ্ধ থাকা যুবলীগের উপজেলা ও পৌর কমিটি গঠন এবং ঘোষণার পরপরই একাধিক নেতার পদত্যাগের ঘটনায় স্থানীয় রাজনৈতিক অঙ্গনে আলোচনা সৃষ্টি হয়েছে।

এ বিষয়ে মেহেরপুর জেলা যুবলীগ ও কেন্দ্রীয় যুবলীগের ঊর্ধ্বতন নেতাদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাদের বক্তব্য পাওয়া যায়নি।

গাংনী উপজেলা যুবলীগের সভাপতি অ্যাডভোকেট হুমায়ূন কবিরের ব্যবহৃত মোবাইল ফোনে কল দেয়া হলে তিনি রিসিভ করেননি।

গাংনীর কাজিপুর সীমান্তে ১১ লাখ টাকা মূল্যের মাদক উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুরের শেওড়াতলা মাঠ এলাকায় অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় ৬ বোতল ভারতীয় মদ, ৭৫০ পিস ডেক্সামেথাসন ট্যাবলেট ও ৩ হাজার পিস সাইপ্রোহেপ্টাডিন ট্যাবলেট উদ্ধার করেছে ৪৭ বিজিবি।

সোমবার রাতে কাজিপুরের শেওড়াতলা মাঠ এলাকায় অভিযান চালিয়ে এসব মাদকদ্রব্য উদ্ধার করা হয়।

বিজিবির প্রেস বিজ্ঞপ্তি সূত্রে জানা গেছে, কাজিপুর বিওপির দায়িত্বপূর্ণ শেওড়াতলা মাঠ এলাকা থেকে মালিকবিহীন অবস্থায় ৬ বোতল ভারতীয় মদ, ৭৫০ পিস ডেক্সামেথাসন ট্যাবলেট ও ৩ হাজার পিস সাইপ্রোহেপ্টাডিন ট্যাবলেট উদ্ধার করা হয়। উদ্ধার করা মাদকদ্রব্যের আনুমানিক মূল্য ১১ লাখ ৩৪ হাজার টাকা।

প্রেস বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সীমান্ত এলাকায় মাদকদ্রব্যের অনুপ্রবেশ, চোরাচালান,

অবৈধ পারাপারসহ সব ধরনের সীমান্ত অপরাধ প্রতিরোধে নিয়মিতভাবে গোয়েন্দা তৎপরতা ও বিশেষ অভিযান পরিচালনা করে আসছে।

সীমান্ত সুরক্ষা নিশ্চিতকরণ এবং সীমান্ত অপরাধ দমনে বিজিবির এ ধরনের অভিযান ও কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

মেহেরপুরে মাদক ও গুলিসহ পিতা- পুত্র আটক

মেহেরপুরে গুলি, মাদক ও নগদ টাকাসহ পিতা-পুত্রকে গ্রেপ্তার করেছে মাদকবিরোধী টাস্কফোর্স টিম।

মঙ্গলবার সকাল ১০টার দিকে মেহেরপুর পৌর শহরের তাঁতীপাড়ায় মাদকবিরোধী অভিযান চালিয়ে ইয়াবা, গাঁজা, কার্তুজ ও মাদক বিক্রির নগদ টাকাসহ তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন মেহেরপুর শহরের তাঁতীপাড়া এলাকার আবুল হোসেনের ছেলে ফিরোজ হোসেন (৪৮) এবং তার ছেলে আমানুল্লাহ (২৬)।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাশেদ আহমেদ বলেন, তাঁতীপাড়া এলাকায় পিতা-পুত্র মাদক নিয়ে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। এ সময় তাদের কাছ থেকে ৩৭৩ পিস ইয়াবা, ১ কেজি ৮১৩ গ্রাম গাঁজা, ২৩ গ্রাম গাঁজার বীজ, ৬৪ গ্রাম ভাং পাতা ও ৫ রাউন্ড গুলি জব্দ করা হয়। এছাড়া মাদক বিক্রির ৯ লাখ ৫ হাজার ৭০০ টাকা উদ্ধার করা হয়েছে।

অভিযানে মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. সিরাজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার জামিলুর রহমান খান ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির উপস্থিত ছিলেন।

তিনি আরও বলেন, গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করে হস্তান্তর করা হবে। জনস্বার্থে এ ধরনের অভিযান

যশোরে ভৈরব নদীতে বিজিবির মাছের পোনা অবমুক্ত

জনস্বার্থে যশোরে উন্মুক্ত জলাশয়ে বিভিন্ন দেশীয় প্রজাতির মাছের পোনা অবমুক্ত করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

সোমবার (১৪ সেপ্টেম্বর) সকাল ১০টায় বিজিবির দক্ষিণ-পশ্চিম রিজিয়ন, যশোর রিজিয়ন সদর কর্তৃক ভৈরব নদীতে এসব মাছের পোনা অবমুক্ত করা হয়।

মাছের পোনা অবমুক্তকরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজিবির যশোর রিজিয়ন কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল মাহমুদুল হাসান, পিবিজিএম, বিপিএম (সেবা), বিজিওএম, পিএসসি। তিনি অনুষ্ঠানের উদ্বোধন করেন এবং ভৈরব নদীতে মাছের পোনা অবমুক্ত করেন।

পোনা অবমুক্ত শেষে রিজিয়ন কমান্ডার বলেন, দেশের প্রাকৃতিক জলাশয়গুলোতে মাছের উৎপাদন বৃদ্ধি এবং জীববৈচিত্র্য সংরক্ষণে সম্মিলিত উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। মৎস্যসম্পদ দেশের অর্থনীতি ও জনজীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই মৎস্যসম্পদ সংরক্ষণ এবং অবৈধভাবে মাছ শিকার প্রতিরোধে সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান তিনি।

তিনি আরও বলেন, সীমান্ত নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি বিজিবি বিভিন্ন সময়ে জনকল্যাণমূলক ও সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করে আসছে। জনসাধারণের কল্যাণে এ ধরনের কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

অনুষ্ঠানে বিজিবির ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। দেশ, জনগণ ও বিজিবির উত্তরোত্তর উন্নতি ও অগ্রগতি কামনায় বিশেষ মোনাজাতের মাধ্যমে

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ৬০ অসহায় নারীর মাঝে সেলাই মেশিন বিতরণ

আত্মকর্মসংস্থান সৃষ্টি ও অসচ্ছল পরিবারগুলোকে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ৬০টি অসহায় পরিবারের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

সোমবার গাংনী উপজেলা মিলনায়তনে ‘সেলাই মেশিন বিতরণ-২০২৬’ শীর্ষক অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে উপকারভোগীদের হাতে এসব সেলাই মেশিন তুলে দেওয়া হয়।

জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা এইচ. এম. সালাউদ্দীন মনজুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্ব) মো. নাবিদ হোসেন।

অনুষ্ঠানে ৬০ জন অসহায় ও হতদরিদ্র নারীর হাতে সেলাই মেশিন তুলে দেওয়া হয়। বক্তারা বলেন, পিছিয়ে পড়া ও দুস্থ নারী-পুরুষকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তুলতে এ ধরনের উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সেলাই মেশিন কাজে লাগিয়ে উপকারভোগীরা নিজেদের কর্মসংস্থান সৃষ্টি, পারিবারিক আয় বৃদ্ধি এবং জীবিকা নির্বাহে সক্ষম হবেন বলে আশাবাদ ব্যক্ত করেন তারা।

জেলা পরিষদের প্রধান সহকারী জাহিদুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রোকনউদ্দিন, গাংনী উপজেলা বিএনপির সাবেক সভাপতি রেজাউল হক, উপজেলা বিএনপির সভাপতি আলফাস উদ্দিন কালু, পৌরসভা বিএনপির সাধারণ সম্পাদক শহিদুর রহমান, জেলা পরিষদের অন্যান্য কর্মকর্তা,

স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং উপকারভোগী পরিবারের সদস্যরা।

সেলাই মেশিন পেয়ে উপকারভোগী অসহায় নারীরা জেলা পরিষদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

সড়ক ও পানিতে কেড়ে নিলো তিন শিশুর প্রাণ

মেহেরপুরের মুজিবনগর ও গাংনীতে পৃথক দুর্ঘটনায় তিন শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে মুজিবনগরে ইজিবাইকের ধাক্কায় ৭ বছরের এক শিশু ও ট্রাকের চাপায় ১১ বছরের আরেক শিশু নিহত হয়েছে। এছাড়া গাংনীতে পুকুরের পানিতে ডুবে মারা গেছে দুই বছরের এক শিশু।

রোববার বিকেল পৌনে ৫টার দিকে মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামের মহসিন মার্কেটের সামনে ইজিবাইকের ধাক্কায় জান্নাতুল খাতুন (৭) নামে এক শিশু নিহত হয়। নিহত জান্নাতুল মহাজনপুর গ্রামের কারিগরপাড়ার শিল্টনের মেয়ে। সে স্থানীয় মহাজনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ছিল।

অন্যদিকে, একই উপজেলার মানিকনগর এলাকায় ট্রাকের চাপায় নাবিল (১১) নামে আরেক শিশু নিহত হয়েছে। ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। তার মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

এদিকে, গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের করমদি গ্রামে পুকুরের পানিতে ডুবে আরিশা খাতুন (২) নামে এক শিশুর মৃত্যু হয়েছে।

গতকাল রোববার দুপুর দেড়টার দিকে এ ঘটনা ঘটে। নিহত আরিশা ওই গ্রামের রাকিবুল ইসলামের মেয়ে।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা গেছে, দুপুরে আরিশা বাড়িতে মোবাইল ফোন দেখতে দেখতে ভাত খাচ্ছিল। খাওয়া শেষে মোবাইল ফোন নিয়ে বাড়ির পাশে খেলতে যায় সে। একপর্যায়ে পরিবারের সদস্যদের অজান্তে

বাড়ির পাশের পুকুরে পড়ে যায়। কিছুক্ষণ পর তাকে দেখতে না পেয়ে পরিবারের লোকজন খোঁজাখুঁজি শুরু করেন। পরে পুকুরের পানিতে ভাসমান অবস্থায় তাকে উদ্ধার করে দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহত শিশুর ফুফু চুমকি খাতুন জানান, আরিশা মোবাইল দেখতে দেখতে ভাত খাচ্ছিল। খাওয়া শেষে মোবাইল নিয়েই খেলতে যায়। পরে বাড়ির পাশের পুকুরে পড়ে যায় সে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক মাহবুবুর রহমান নয়ন জানান, হাসপাতালে নেওয়ার আগেই শিশুটির মৃত্যু হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, পানিতে ডুবে শিশুর মৃত্যুর ঘটনায় অপমৃত্যুর মামলা করা হবে। একই সঙ্গে পুকুর ও অন্যান্য জলাশয়ের আশপাশে শিশুদের চলাফেরার সময় অভিভাবকদের আরও সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

মেহেরপুরে ইমাম রোকনুজ্জামানের পাল্টা সংবাদ সম্মেলন

মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদের ইমাম রোকনুজ্জামানের বিরুদ্ধে করা অভিযোগকে মিথ্যা ও মানহানিকর দাবি করে পাল্টা সংবাদ সম্মেলন করেছেন তিনি।

রোববার বিকেলে মেহেরপুর শহরে নিজ বাসভবনে এ সংবাদ সম্মেলনের আয়োজন করেন ইমাম রোকনুজ্জামান।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে ইমাম রোকনুজ্জামান বলেন, মাসুদ খান এর আগে যে সংবাদ সম্মেলন করেছেন, সেখানে তার বিরুদ্ধে বেশ কিছু মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য উপস্থাপন করা হয়েছে।

তিনি বলেন, মাসুদ খানের বড় ভাই তার ছাত্র ছিলেন। এ সূত্রে তাদের পরিবারের সঙ্গে তার দীর্ঘদিনের পরিচয় ও যাতায়াত ছিল। ২০১০ সালে তিনি ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডে খণ্ডকালীন কাজ করতেন। ওই সময় মাসুদ খানের বড় ভাই জাসদ খান শাহিনের অনুরোধে তার একটি অ্যাকাউন্ট খুলে দেন। পরে তার ছোট ভাইয়েরও একটি অ্যাকাউন্ট করে দেন। তারা তাদের প্রাপ্য টাকা পেয়েছেন।

রোকনুজ্জামান আরও বলেন, এর প্রায় পাঁচ বছর পর মাসুদ খান বিদেশে থাকাকালে তার স্ত্রী তাকে মাসুদের জন্যও একটি অ্যাকাউন্ট করে দেওয়ার অনুরোধ করেন। তার অনুরোধে অ্যাকাউন্টটি খুলে দেওয়া হয়। ওই অ্যাকাউন্টে মাসুদ খান আটটি কিস্তি জমা দিয়েছেন।

এ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র কোম্পানির কাছেই রয়েছে বলে জানান তিনি।

তিনি বলেন, আগের সংবাদ সম্মেলনে ৪ লাখ ৪১ হাজার ২০০ টাকা জমা এবং ৫ লাখ ৩৬ হাজার ৫৮০ টাকা পাওনা থাকার যে তথ্য দেওয়া হয়েছে, সেগুলো কোম্পানির দেওয়া হিসাব। এখানে তার কোনো ব্যক্তিগত অর্থের বিষয় নেই। তিনি শুধু মধ্যস্থতা করে অ্যাকাউন্টটি খুলে দিয়েছিলেন।

ইমাম রোকনুজ্জামান বলেন, পারিবারিক সম্পর্কের কারণে মাসুদ খান আর্থিকভাবে কষ্টে থাকায় তাকে সহযোগিতার জন্য সর্বোচ্চ ২ লাখ টাকা ধার দেওয়ার প্রস্তাবও দিয়েছিলেন। তবে তিনি সেই প্রস্তাব গ্রহণ না করে তার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করেছেন।

তিনি আরও বলেন, এসব অভিযোগের কারণে সাধারণ মানুষ তাকে ভুল বুঝছেন। তিনি কারও সঙ্গে অন্যায় করেননি, কারও হক নষ্ট করেননি এবং কোনো আমানতের খেয়ানত করেননি।

তার বিরুদ্ধে করা অভিযোগকে মিথ্যা দাবি করে তিনি এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

মেহেরপুরে আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জল কুমার রায়, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, জেলা কমান্ড্যান্ট আলামিন হোসেন, সদর উপজেলা নির্বাহী অফিসার বাবলু সূত্রধর, সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ মুহাঃ আবদুল্লাহ আল আমিন, গাংনী র্যাব ক্যাম্পের তৌহিদুল ইসলাম, পিপি সাইদুর রাজ্জাক, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের আহ্বায়ক শামসুল আলম সোনা, আমান উল্লাহ, মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপপরিচালক আব্দুস সাত্তার, জেলা মৎস্য কর্মকর্তা রবিউল ইসলাম, সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান, এনএসআইয়ের ডিএডি জাহিদুল ইসলাম, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রাহীম, মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাশিদুল হাসান, ডা. অলোক কুমার দাস, মেহেরপুর জেলা শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি আনোয়ারুল হক কালু, মেহেরপুর পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা জাহিদুর রহমান, ব্র্যাকের জেলা প্রতিনিধি মনিরুল ইসলাম, জেলা মহিলা দলের সভানেত্রী সাইদাতুলনেসা নয়নসহ কমিটির সদস্যরা।

সভায় মেহেরপুর জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, অনলাইন জুয়া, মাদকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ সময় জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং মাদক ও অনলাইন জুয়ার মতো অপরাধ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়।